

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১০.১৮- ১০২১/ব

তারিখ- ২৩/১২/২০১৮খ্রিঃ।

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট কতৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং আপনার দায়িত্বে চরম অবহেলার কারণে শিক্ষার্থীদের ক্লাস ও সরকারী কার্যক্রম ব্যাহত হচ্ছে; এবং

যেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩।(খ) এবং ৩।(গ) অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে আপনি কোনো জবাব প্রদান করেননি ও ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হননি। যার প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০১০. ১৮-৬৬৩(৮), তারিখ- ১১/১০/২০১৮খ্রিঃ মোতাবেক তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

যেহেতু, আপনি তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে মোট ২৩৫ (দুইশত পঁয়ত্রিশ) দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকায় এবং দায়িত্বে চরম অবহেলার কারণে শিক্ষার্থীদের ক্লাস ও সরকারী কার্যক্রম ব্যাহত হচ্ছে মর্মে বিষয়টি প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, এতদ্বন্দ্বেশ্যে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর ৩।(খ) ও ৩।(গ) ধারা অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮” এর বিধি ৪।(খ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় চাকরি থেকে বরখাস্ত করা যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে;

সেহেতু, “সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর বিধি ৩।(খ) মতে ‘অসদাচরণ’ এবং ৩।(গ) মতে ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৭।(৯) এর আলোকে গুরুদণ্ডের আওতায় কেন আপনাকে চাকরি থেকে “বরখাস্ত” করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে কর্তৃপক্ষ বরাবর কারণ দর্শানোর জবাব প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হ’ল। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব না পাওয়া গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে এবং বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এ সাথে তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করা হল।

(অশোক কুমার বিশ্বাস)  
অতিরিক্ত সচিব (কারিগরি)  
ও  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

### বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ ফতেহ আলী  
ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল  
সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট।

### স্থায়ী ঠিকানাঃ

জনাব মোঃ ফতেহ আলী  
পিতা- মোঃ ফজর আলী  
গ্রামঃ শমুপুর, পাক্কার মাথা, পোঃ ভৈরব  
উপজেলাঃ ভৈরব, জেলাঃ কিশোরগঞ্জ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১০.১৮- ১০২১/ব (৩)

তারিখ- ২৩/১২/২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১। অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।)
- ৩। সংরক্ষণ নথি।